

GEORGE R.R. MARTIN
অনুবাদঃ শোভন
ALSO A NEW ORIGINAL SERIES FROM HBO
A GAME OF THRONES
DYNAMITE ENTERTAINMENT • ISSUE #2

# A GAME OF THRONES

BOOK ONE OF A SONG OF ICE AND FIRE

Based on the novel by
**GEORGE R.R. MARTIN**

Adapted by
**DANIEL ABRAHAM**

Art by
**TOMMY PATTERSON**

Letters by
**MARSHALL DILLON**

Colors by
**IVAN NUNES**

Covers by
**ALEX ROSS** (main)
**MIKE S. MILLER** (1-in-10 variant)

Series Editors:
**ANNE GROELL**
**TRICIA PASTERNAK**

Iron Throne image by TOM HALLMAN

DYNAMITE® ENTERTAINMENT

NICK BARRUCCI • PRESIDENT
JUAN COLLADO • CHIEF OPERATING OFFICER
JOSEPH RYBANDT • EDITOR
JOSH JOHNSON • CREATIVE DIRECTOR
RICH YOUNG • DIRECTOR BUSINESS DEVELOPMENT
JASON ULLMEYER • SENIOR DESIGNER
JOSH GREEN • TRAFFIC COORDINATOR
CHRIS CANIANO • PRODUCTION ASSISTANT

FOR MORE ON *A GAME OF THRONES*, VISIT:
WWW.DYNAMITE.NET AND BANTAM-DELL.ATRANDOM.COM

GEORGE R.R. MARTIN'S A GAME OF THRONES, Volume 1, Issue #2. First printing. Published by Dynamite Entertainment, 155 Ninth Avenue, Suite B, Runnemede, NJ 08078. Copyright © 2011 by George R.R. Martin. Adapted from his novel A GAME OF THRONES, copyright © 1996. Dynamite, Dynamite Entertainment and the Dynamite Entertainment colophon are ® and © 2011 DFI. All rights reserved. Dynamite, Dynamite Entertainment & The Dynamite Entertainment logo ® 2011 DFI. All names, characters, events, and locales in this publication are entirely fictional. Any resemblance to actual persons (living or dead), events or places, without satiric intent, is coincidental. No portion of this book may be reproduced by any means (digital or print) without the written permission of Dynamite Entertainment except for review purposes. **Printed in Canada**

For information regarding press, media rights, foreign rights, licensing, promotions, and advertising e-mail: marketing@dynamite.net


অতিথিরা চকচকে সোনা, রুপা ও ইস্পাতের স্রোতের মতো দুর্গের ফটক দিয়ে প্রবেশ করলো।
রাজা উইন্টারফেলে এসে পৌঁছেছেন।


নেড! তোমার ঠাণ্ডায় জমে যাওয়া মুখখানা দেখে ভালো লাগছে!
তুমি একটুও বদলাওনি।
কিন্তু নেড একই কথা বলতে পারলো না। নয় বছর আগে তাঁদের শেষ সাক্ষাতের পর রবার্টের ওজন অন্তত ৫০ কেজি বেড়েছে।
মহামান্য সম্রাট, উইন্টারফেল আপনারই।
একসময় যার শরীর থেকে কেবল চামড়া আর রক্তের গন্ধ পাওয়া যেত, এখন তাঁর শরীর থেকে সুগন্ধির সুবাস।
আমাকে তোমাদের সমাধিকক্ষে নিয়ে চলো, এডার্ড। আমি সম্মান দেখাতে চাই।
স্বামী, আমরা সেই ভোর থেকে যাত্রা করছি। মৃতরা তো আর পালিয়ে যাচ্ছে না...
এসো বোন।


আশাকরি যাত্রাপথে আপনার কোন অসুবিধে হয়নি রাজা মশাই।
আসার সময় তো পথ ই শেষ হচ্ছিলো না। সবাই যেভাবে আমার সাত রাজ্য নিয়ে হৈচৈ করে, ওরা হয়তো ভুলে যায় যে তোমার অংশটা আয়তনে আমার বাকি ছয় রাজ্যের সমষ্টির সমান।
খালবিল, বন, মাঠ। তোমার প্রজারা কোথায়?
সম্রাট আগমনের এই বিরল ঘটনায় ওরা অবাক। তাই হয়তো বাইরে আসছে না।
মনে হয় ওরা তুষারের নিচে লুকিয়ে আছে।
তুষারের কথা বলতে মনে পড়লো, শীতের সময় এখানকার কি অবস্থা হয় নেড?
শীত খুবই কঠিন সময়, কিন্তু স্টার্করা বরাবরের মতোই টিকে থাকে।


গ্রীষ্মের স্বাদ পেতে হলে শীত আসার আগেই তোমার একবার দক্ষিণে আসা উচিৎ। ওখানে সবাই ধনী, মোটা আর মাতাল।
আর মেয়েদের কথা কি বলবো, নেড! গরমে ওদের লাজশরম বলে কিছু থাকেনা।
মহামান্য সম্রাট।
তাঁর সমাধি একেবারে শেষ মাথায়, বাবা আর ব্র্যান্ডন এর পাশে।
এই স্থানটি এমনিতেই সবসময় ঠাণ্ডা থাকতো। স্টার্ক পরিবারের মৃতদের সমাধির পাশ দিয়ে হেঁটে যাওয়ার সময় তাঁদের পদধ্বনি পাথরের দেয়ালে প্রতিধ্বনিত হতে লাগলো।
প্রাচীন প্রথা অনুযায়ী, উইন্টারফেলের প্রাক্তন তত্ত্বাবধায়কদের লাশের কোলে একটা করে লোহার লম্বা তলোয়ার দিয়ে দেয়া হতো যাতে তাঁদের প্রতিহিংসাপরায়ণ আত্মা এ কক্ষ থেকে বাইরে না যায়। কক্ষের সবচেয়ে পুরনো সমাধিগুলোতে রাখা তলোয়ার এতদিনে ক্ষয়ে নিঃশেষ হয়ে গিয়েছে।
নেড ভাবে, তাঁদের আত্মা এখন দুর্গের চারপাশে উন্মুক্তভাবে ঘুরে বেড়াচ্ছে কিনা। যদিও সে এমনটা আশা করেনা।
এটা।


পাথরের ভাস্কর লর্ড রিকার্ডকে ভালোভাবে চিনতেন। তিনি তাঁর শান্ত ও মর্যাদাপূর্ণ চেহারায় পাথরের আঙুল দিয়ে তলোয়ারখানা ধরে বসে ছিলেন। যদিও বাস্তব জীবনে কোন তলোয়ারই তাঁকে রক্ষা করতে পারেনি।
আর ব্র্যান্ডন, রিকার্ডের বড় ছেলে ও উত্তরাধিকারসূত্রে উইন্টারফেলের শাসক। রিভাররানের কেইটলিন টালির সাথে বিয়ের ঠিক কয়েকদিন আগে তাঁকে পাগলা রাজা এরিস টারগ্যারিয়ানের আদেশে ফাঁসি দিয়ে হত্যা করা হয়।
আর লিয়ানা...
ও দেখতে এই মূর্তির চেয়ে অনেক বেশি সুন্দরী ছিল। ওকে কি এখানেই সমাধিস্থ করতে হতো?
ও উইন্টারফেলের স্টার্ক পরিবারের একজন। এটাই ওর স্থান।
"মৃত্যুর সময় আমি ওর পাশেই ছিলাম"
কথা দাও, কথা দাও আমাকে, নেড।
"ও বাড়ি আসতে চেয়েছিল"
আমি প্রতিজ্ঞা করেছিলাম ওর সাথে এই অন্যায় করায় রেইগারকে খুন করবো।
এবং তা করেছেন।
মাত্র একবার।


জন অ্যারিনের ঘটনা আমাকে বলুন।
আমি কাউকে এত দ্রুত অসুস্থ হয়ে যেতে দেখিনি। মনে হলো তাঁর পেটে আগুন ঢেলে দেয়া হয়েছিল, যা তাঁকে ভেতর থেকে পুড়িয়ে দিয়েছে।
আমি লোকটাকে পছন্দ করতাম।
আমরা দুজনেই করতাম।
"কেইটলিন তাঁর বোনের জন্য দুশ্চিন্তা করছে। লাইসা এই শোকের ঘটনা কিভাবে নিয়েছে?"
"ভালো না। সে তাঁদের ছেলেকে নিয়ে ঈরিতে ফিরে গিয়েছে। ছয় বছরের ওই দুর্বল শিশুটা এখন ওখানকার লর্ড। আমি টাইউইন ল্যানিস্টারকে দিয়ে ওর দেখভাল করাতে চেয়েছিলাম, কিন্তু ওর মা এই কথা শুনতেই রাজি না।"
আপনি চাইলে আমি ওকে আমার তত্ত্বাবধানে রাখতে চাই। লাইসা আর কেইটলিন তো দুই বোন।
খুবই ভালো প্রস্তাব, কিন্তু লর্ড টাইউইনকে কথা দেয়ার পরে অন্য কাউকে ওই ছেলের দায়িত্ব দেয়া তাঁর জন্য অপমানজনক।
আমার ভাগ্নের প্রতি আমার দরদ যেকোনো ল্যানিস্টারের চেয়ে বেশি।
তুমি তো কোন ল্যানিস্টারের সাথে ঘর করো না, তাই এভাবে বলছো।
আহ্, নেড। তুমি বিষয়টা খুব গুরুতরভাবে নিচ্ছো।


তুমি হয়তো ভাবছো আমি হঠাৎ করে উইন্টারফেলে কেন এলাম।
অবশ্যই আমাকে দেখতে।
তাছাড়া দেয়ালটাও আপনার দেখা উচিৎ। রাতের প্রহরীর দল এখন আর আগের মতো নেই। বেঞ্জেন বলে...
দেয়ালটা কত বছর হলো টিকে আছে, আট হাজার বছর? ওটা আরও কিছুদিন এমনিতেই টিকে থাকবে।
আসল সমস্যা ওটা না। সমস্যা হচ্ছে আমি আমার চারপাশে বিশ্বস্ত লোক চাই। জন অ্যারিন ঈরির লর্ড, পূর্বের তত্ত্বাবধায়ক ও আমার ব্যক্তিগত সহকারী ছিলেন। তাঁর বদলি কাউকে পাওয়া দুঃসাধ্য।
তাঁর ছেলে...
...একটা বাচ্চা, কোন সেনাপতি নয়। সামান্য একটা বাচ্চার পক্ষে পূর্বাঞ্চল দখলে রাখা সম্ভব না।
জন অ্যারিনের কাছে আমরা যে কয় বছর কাটিয়েছি, সে সময়টা আমাদের খুব ভালো কেটেছে। সিংহাসনে বসার চেয়ে সিংহাসন দখল করা সহজ।
আমার চারপাশ চাটুকার আর বোকায় ভর্তি। আমি আবার তোমাকে আমার পাশে চাই।
লর্ড এডার্ড স্টার্ক, আমি তোমাকে রাজার ব্যক্তিগত সহকারীর দায়িত্ব দিতে চাই।


এ প্রস্তাবে নেড অবাক হলো না। আর কি কারণেই বা সম্রাট এত দূরে যাত্রা করে আসবেন? সম্রাটের সহকারী হওয়া মানে সাত রাজ্যের দ্বিতীয় ক্ষমতাধর ব্যক্তি হওয়া।
কিন্তু তিনি কখনোই এই পদটি চাননি।
হে মহামান্য, আমি এই দায়িত্বের জন্য যোগ্য নই।
তোমার ইচ্ছা রাখতে হলে আমি তোমাকে অবসরে পাঠিয়ে দিতাম।
কিন্তু আমি চাই তুমি আমার হয়ে রাজ্য শাসন আর যুদ্ধ পরিচালনা করবে, আর আমি মদ, খাবার আর পতিতাদের নিয়ে ফুর্তি করতে করতে কবরে যাবো।
ধুর, নেড, আমার কৌতুক শুনে একটু হাসতেও তো পারতে। দক্ষিণে এসো, তোমাকে আবার হাসতে শেখাবো। তুমি আমাকে সিংহাসন দখলে সাহায্য করেছ, এবার এটা রক্ষা করতে সাহায্য করো। এই রাজ্য একসঙ্গে শাসন করার কথা ছিল আমাদের।
লিয়ানা বেঁচে থাকলে আমরা ভাইয়ের মতো থাকতাম।
কিন্তু সব আশা শেষ হয়ে যায়নি। আমার একটা ছেলে আছে, আর তোমার মেয়ে। জফ আর সানসা আমাদের দুই পরিবারকে মিলিত করবে।
সানসা একটা বাচ্চা মেয়ে।


তাঁর বয়স বাগদানের জন্য যথেষ্ট। বিয়ে কয়েক বছর পরেও করানো যাবে।
এখন ভালোয় ভালোয় রাজি হয়ে যাও।
মহামান্য সম্রাট, এ সম্মান অনাকাঙ্ক্ষিত। আমি কি এ ব্যাপারে আমার স্ত্রীর সঙ্গে আলাপ করতে পারি? আমাকে একটু সময়...
আচ্ছা, আচ্ছা। কেইটলিনকে বলে যদি শান্তি পাও তাহলে বলো।
কিন্তু আমাকে বেশি অপেক্ষা করিও না কিন্তু। আমার ধৈর্যশক্তি এমনিতেই কম।
কিছুক্ষণের জন্য নেড এর মন অমঙ্গলের আশঙ্কায় ভরে গেল। তাঁর স্থান এটাই, এই উত্তরে।
সমাধিকক্ষের সুনসান ঠাণ্ডায় দম নিতে নিতে নেড অনুভব করছিল তাঁর মৃত পূর্বপুরুষদের উপস্থিতি। তাঁরা সব শুনছিল, এটা সে জানে।
আর, শীতও আসছে।


জীবনে দুই একবার জন স্নো নিজের জারজ হওয়ার ব্যাপারে খুশি হয়েছিল।
শুভেচ্ছা ভোজের চতুর্থ ঘণ্টা চলছিল। জনের ভাই বোনেরা সবাই রাজ পরিবারের বাচ্চাদের সাথে বসেছে। তাঁদেরকে বাবা আজ এক গ্লাস ওয়াইন পানের অনুমতি দেবেই।
এদিকে বেঞ্চির উপর বসে জন একের পর এক গ্লাস সাবাড় করেই চলছিল। তাঁকে থামানোর কেউ ছিল না। জন বুঝলো, তাঁর পিপাসা একজন পূর্ণবয়স্ক পুরুষের মতোই।


আবার খিদে পেয়েছে?


এটা কি সেই নেকড়েদের একটা যাদের কথা আমি অনেক শুনেছি?
বেঞ্জেন চাচা!
নেকড়েটাতো বেশ শান্তশিষ্ট।
ও অন্যদের মতো না, তাই আমি ওর নাম রেখেছি গোস্ট (ভূত)।
তাছাড়া ওর গায়ের রঙও সাদা।
দেয়ালের ওপারে অতিকায় নেকড়ে আছে। অভিযানে গেলে ওদের ডাক শোনা যায়।
তুমি কি তোমার ভাইদের সাথে একই টেবিলে বসে খাওনা?
লেডি স্টার্ক মনে করেন রাজকীয় পরিবারের সাথে একজন জারজ বসালে তাঁরা অপমানিত হবেন।
আচ্ছা, বুঝেছি।
আমার ভাইটাকে দেখে তো আজ খুব একটা খুশি মনে হচ্ছেনা।
রাণীকে দেখেও রাগান্বিত মনে হচ্ছে। বাবা আজ সম্রাটকে নিয়ে সমাধিকক্ষে গিয়েছিলেন, কিন্তু রাণী তা চায়নি।


খুঁটিনাটি কিছুই তোমার নজর এড়ায় না দেখছি, জন। দেয়ালে তোমার মতো কেউ আমাদের অনেক কাজে দেবে।
তাহলে আমাকে আপনার সাথে নিয়ে চলুন। আপনি বললে বাবা রাজি হবে।
তোমার বয়সী ছেলের জন্য দেয়াল খুবই কঠোর জায়গা।
ডেইরেন টারগারিয়ান যখন ডর্ন জয় করে, তখন তাঁর বয়স ছিল মাত্র ১৪ বছর।
যে যুদ্ধ পুরো গ্রীষ্মকাল জুড়ে চলেছে, আর এতে ষাট হাজার সৈন্য মারা পড়েছে। আর ডেইরেন যে আঠারো বছর বয়সে মারা গিয়েছে, সে অংশটা কি ভুলে গেলে নাকি?
আমি কিছুই ভুলিনি চাচা, আমি শুধু রাতের প্রহরী হিসেবে দায়িত্ব পালন করতে চাই।
তুমি কি পরিমাণ ওয়াইন খেয়েছ, জন?
থাক, একথা বাদ দাও। আমি যখন প্রথম প্রকৃত মাতাল হয়েছিলাম তখন বয়সে তোমার চেয়েও ছোট ছিলাম।
তুমি যা চাইছো, তা না বুঝে চাইছো। রাতের প্রহরীরা একটি বিশেষ শপথের মাধ্যমে ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ। আমাদের কোন পরিবার নেই, কোন সন্তানও থাকতে পারবে না। কর্তব্য আমাদের স্ত্রী, আর সম্মান হচ্ছে প্রেমিকা।


আমি আপনাদের শপথ গ্রহণে প্রস্তুত।
কোন নারীর সান্নিধ্য পাওয়ার আগ পর্যন্ত বুঝবে না যে তুমি কি হারাতে চলেছ।
তুমি এতবড় মূল্য দিতে চাইবে না, বাবা।
আমি আপনার ছেলে নই!
এজন্যেই তোমার প্রতি আমার সমবেদনা।
কয়েকটা জারজ সন্তানের জন্ম দিয়ে আমার কাছে এসো। এরপর বলবে তোমার কেমন লাগছে।
আমি কখনোই জারজ সন্তানের জন্ম দেবো না।
কখনোই না!
আমাকে মাফ করবেন।
চারপাশে হাসির ফোয়ারা ছুটছে, কিন্তু জন তাঁর গালে চোখের গরম পানি অনুভব করলো।


গানবাজনার শব্দ খোলা জানালা উপচে আসতে লাগলো।
কিন্তু সে তা শুনতে চাইছিল না।
এই ছেলে?
জন্তুটাকি নেকড়ে?
অতিকায় নেকড়ে।
আপনি ওখানে কি করছেন? ভোজে যোগ দেননি কেন?
অনেক গরম আর শব্দ। তাছাড়া আমি মদ খেয়ে মাতাল হয়ে পড়তাম। অতিরিক্ত পান করে ভাইয়ের উপর বমি করা যে অভদ্রতা, সেটা আমি আগেই শিখেছি।
তোমার নেকড়েটা কি আমি একটু কাছ থেকে দেখতে পারি?
আপনি কি নিচে নামতে পারবেন, নাকি মই আনবো?
ওহ, কিচ্ছু লাগবেনা।


আমি তোমার নেকড়েকে ভয় পাইয়ে দিলাম সম্ভবত। আমি দুঃখিত।
ও ভয় পায়নি। এখানে বসো গোস্ট।
আপনি এখন ওকে ধরতে পারেন। আমি না বলা পর্যন্ত ও নড়বে না। আমি ওকে প্রশিক্ষণ দিচ্ছি।
ভদ্র নেকড়ে।


কিন্তু আমি এখানে না থাকলে ও আপনার গলা ছিঁড়ে ফেলতো।
সেক্ষেত্রে তুমি কাছাকাছিই থাকো।
আমি টিরিয়ন ল্যানিস্টার।
আমি জানি।
তুমি নেড স্টার্ক এর জারজ সন্তান না?
আমি কি তোমাকে অপমান করলাম? দুঃখিত, বামনদের বিচক্ষণতা খুবই কম আসলে। জীবনভর ভাঁড়ামো আর রংবেরঙের পোশাকে লম্ফঝম্ফ করার ফলে কখন মুখ ফসকে কি বলে ফেলে তার ঠিক থাকেনা।
যাই হোক, তুমিই কি সেই জারজ?
লর্ড এডার্ড স্টার্ক আমার বাবা।
শোন জারজ, তোমাকে কিছু পরামর্শ দেই।
কখনো নিজের আসল পরিচয় ভুলে যাবেনা, কারণ বাইরের দুনিয়া তা ভুলবে না। একে নিজের শক্তি মনে করবে, তবেই এটা কখনো তোমার দুর্বলতা হতে পারবে না। বর্মের মতো নিজের পরিচয়কে ধারণ করবে, তাহলে কেউ তোমার দুর্বলতা হিসেবে এর ব্যবহার করতে পারবে না।


জারজ হবার অনুভূতি আপনি কি বুঝবেন?
সব বামনই তাঁদের পিতার কাছে জারজের মতো।
তাই নাকি?
তাহলে সেটা আমার বাবাকে একটু বলবে দয়া করে। আমাকে জন্ম দেবার সময় মায়ের মৃত্যু হয়, তাই সে এ ব্যাপারে অনিশ্চিত।
আপনি তাঁর স্ত্রীর গর্ভে জন্মানো সন্তান। একজন প্রকৃত ল্যানিস্টার।
আমি জানি ও না আমার মা কে ছিল।
কোন মহিলা হবে হয়তো। অধিকাংশ মা ই মহিলা হয়।
কিন্তু একটা কথা মনে রেখো, ছেলে। বামনেরা জারজ হতে পারে...



...কিন্তু সব জারজ বামন নয়।


উইন্টারফেল দুর্গের অন্যান্য ঘরের চেয়ে কেইটলিনের শোবার ঘরটা সবচেয়ে উষ্ণ ছিল।
দুর্গটা তৈরি হয়েছিল উষ্ণ প্রস্রবণের উপর। গরম পানি এর দেয়ালের ভেতর দিয়ে মানুষের শরীরের রক্তের মতো বয়ে যেত।
এটা ঠাণ্ডা পাথরে ঘেরা মিলনায়তন ও কাঁচে ঘেরা বাগানকে আর্দ্র এবং উষ্ণ রেখে এর মাটিকে বরফ হওয়া থেকে রক্ষা করতো।
কিন্তু সেটা গ্রীষ্মকালের আবহাওয়ার ছোট্ট একটা উদাহরণ। শীতে ব্যাপারটা জীবন-মরণের প্রশ্ন হয়ে দাঁড়ায়।


আমি তাঁর প্রস্তাব ফিরিয়ে দেবো।
না, সেটা অসম্ভব।
এই উত্তরাঞ্চল রক্ষা করাই আমার কর্তব্য।
তিনি এসব কথা শুনবেন না।
তুমি না করলে সে এর পেছনের কারণ খুঁজতে থাকবেন। এরপর একসময় ভাববেন তুমি তাঁর বিরোধিতা করছো।
এটা করলে তুমি যে আমাদের বিপদে ফেলবে, তা কি বুঝতে পারছো না?
রবার্ট কখনোই আমার বা আমার কোনকিছুর ক্ষতি করবে না। আমরা ভাইয়ের চেয়েও আপন ছিলাম। আমি ওকে চিনি।
তুমি একজন সাধারণ রবার্টকে চিনতে, রাজা রবার্টকে না। রাজার কাছে তাঁর মর্যাদাই সব।
তুমি এত বড় একটা সম্মানের প্রস্তাব তাঁর মুখের উপর ছুড়ে ফেলতে পারো না।
সম্মান?


সে তাঁর ছেলের সঙ্গে আমাদের মেয়ের বিয়ের প্রস্তাব দিয়েছে। সানসা একদিন রাণী হতে পারে।
হায় ঈশ্বর! কেইটলিন, সানসা এখনো নাবালিকা, আর জফ্রি...
জফ্রি রাজমুকুট ও লৌহ সিংহাসনের দাবীদার রাজকুমার।
তাছাড়া বাবা যখন তোমার ভাই ব্রান্ডনের সাথে আমার বিয়ে ঠিক করে, তখন আমার বয়স মাত্র বারো।
হ্যাঁ, এই পরিস্থিতিতে কি করণীয় সেটা ও ই ভালো বুঝতো। সবই তো ওর প্রাপ্য ছিল। তুমি, উইন্টারফেল, সবই।
ওর জন্মই হয়েছিল রাজার ব্যক্তিগত সহকারী ও রাণীদের বাবা হতে।
আমি কখনোই এসব চাইনি।
কিন্তু ব্রান্ডন এখন মৃত, এবং ওর দায়িত্ব তোমার ঘাড়ে পড়েছে। সুতরাং তুমি না চাইলেও ওর দায়িত্বগুলো তোমাকেই পালন করতে হবে।
মহামান্য লর্ড?
মহামান্য লর্ড, পণ্ডিত লুউইন জরুরী ভিত্তিতে আপনার দর্শন কামনা করছেন।
তুমি কি তাঁকে বলেছ যে, আমি আমাকে বিরক্ত না করার আদেশ দিয়েছি?
হ্যাঁ, মহামান্য লর্ড। কিন্তু সে নাছোড়বান্দা।


ঠিক আছে, তাঁকে ভেতরে পাঠাও।
আপনার বিশ্রামের ব্যাঘাত ঘটানোয় আমি ক্ষমাপ্রার্থী, মহামান্য লর্ড। আমাকে একটা বার্তা দেয়া হয়েছে।
দেয়া হয়েছে মানে? কে দিয়েছে?
আমি ঘুমন্ত থাকাকালীন আমার টেবিলে একটা খোদাই করা বাক্স কেউ রেখে গিয়েছে।
বাক্সের ভেতরে দারুণ একটা আতশিকাঁচ ছিল, কিন্তু বার্তাটা রাখা ছিল বাক্সের নিচের একটা গোপন কুঠুরিতে।
এবং এটা পড়ার যোগ্য আমি নই।
তাহলে ওটা আমাকে দিন।
ক্ষমা করবেন, মহামান্য লর্ড। এটা আপনার জন্যেও নয়।
এই বার্তাটি একান্তই লেডি কেইটলিনকে উদ্দেশ্য করে পাঠানো।


এটা লাইসা পাঠিয়েছে।
ও কোন ঝুঁকি নেয়নি। চিঠিটা সাংকেতিক ভাষায় লেখা যা আমরা ছোটবেলায় বলতাম।
আমার এখন যাওয়া উচিৎ বোধহয়...
না, আপনার পরামর্শের দরকার পড়বে এখন।
কেইটলিন, কি করছো তুমি?
আগুন জ্বালাচ্ছি। পণ্ডিত লুউইন আমার সব সন্তানদের প্রসব করিয়েছেন। এখন ভদ্রতার মিথ্যে অভিনয়ের সময় নেই।


এবার বলো, কি ছিল ওই চিঠিতে?
লাইসা বললো, জন অ্যারিনকে ল্যানিস্টাররা খুন করেছে।
এবং সেটা রাণী সার্সেই।
তোমার বোন শোকে কাতর হয়ে আছে। সে কি বলছে নিজেও জানেনা।
চিঠিটা খুবই গোপনীয়তা ও পরিকল্পনার সাথে তৈরি করা হয়েছে।
তোমাকে অবশ্যই রবার্টের সহকারী হতে হবে, এবং দক্ষিণে গিয়ে এই তথ্যের সত্যতা জানতে হবে।
রাজার ব্যক্তিগত সহকারীর অনেক ক্ষমতা, মহামান্য লর্ড। যে ক্ষমতা জন অ্যারিনের মৃত্যুর প্রকৃত কারণ খুঁজে লেডি অ্যারিন ও তাঁর সন্তানকে রক্ষা করতে পারবে, যদি এই তথ্য সঠিক হয়।
তুমি নাকি রবার্টকে তোমার ভাইয়ের মতো ভালোবাসো?
তুমি কি চাও তোমার ভাইয়ের চারপাশে ল্যানিস্টাররা ঘিরে থাকুক?


শেষমেশ তোমরা দুজনই?
কেইটলিন, তুমি এখানে উইন্টারফেলেই থাকবে।
না!
তুমি আমার হয়ে সবকিছুর তদারকি করবে। রব শীঘ্রই শাসনের উপযোগী হয়ে উঠবে। আমার অবর্তমানে তুমিই ওকে শাসনকাজ শেখাবে।
পণ্ডিত লুউইন, আমার স্ত্রীকে সব ব্যাপারে আপনার পরামর্শ দেবেন। আমার ছেলেটার যা যা শেখা দরকার, সেটা শেখাবেন।
কি... অন্য বাচ্চাদের কি হবে?


রিকন খুবই ছোট। অন্যদের আমি সাথে করে নিয়ে যাবো।
না, আমি তা সইতে পারবো না।
জফ্রিকে সানসার বিয়ে করতেই হবে, আর আরইয়াও দক্ষিণা আইনকানুন নিয়ে পড়াশোনা করতে পারবে।
ঠিক আছে, নেড। কিন্তু দোহাই লাগে, ব্র্যানকে আমার কাছে রেখে যাও।
রব আর জফ্রির মধ্যকার সম্পর্ক ভালো না। ব্র্যানকে রাজকুমারীর সাথে বেড়ে উঠতে দাও, এতে ওরা আমার আর রবার্টের মতো বন্ধু হয়ে উঠবে।
এটা আমাদের পরিবারের জন্যই মঙ্গলজনক।
তাহলে ওকে দেয়াল থেকে দূরে রেখো। জানোই তো, ও দেয়ালে চড়তে কতোটা পছন্দ করে।
ধন্যবাদ প্রিয়তমা। আমি জানি এটা তোমার জন্য কতোটা কঠিন।
জন স্নো এর কি হবে, মহামান্য লর্ড?


জনকে যেতেই হবে।
জন আর ওর মাঝে অনেক মিল। আমি ভাবছিলাম...
ও তোমার ছেলে, আমার নয়। আমি ওকে এখানে রাখতে চাইনা।
সবাই বলে, তোমার বন্ধু রবার্ট এরও নাকি ডজনখানেক জারজ সন্তান আছে।
এবং ওরা কেউ যেন রাজসভার ধারেকাছে না আসতে পারে সে ব্যবস্থা রাণী করে রেখেছেন।
জনকে ওরা পাত্তাই দেবেনা। তুমি কিভাবে...
এর আরেকটা সমাধান আছে। আপনার ভাই বেঞ্জেন আমার কাছে জনের ব্যাপারে এসেছিল।
জন কালো উর্দি গায়ে চড়াতে আগ্রহী।
দেয়ালের দায়িত্বে নিয়োজিত হতে পারাটা সম্মানের ব্যাপার, মহামান্য লর্ড। তাছাড়া একজন জারজও সেখানে নাম অর্জন করতে পারে।
এটা একটা কঠিন আত্মত্যাগ হবে, তবে আপনারা দুইজনও কিন্তু কম ত্যাগ স্বীকার করছেন না।
ঠিক আছে, আমি বেনের সাথে কথা বলবো।
জনকে এ কথা কখন জানাবো?


"এক পক্ষের (পনের দিন) মধ্যে আমরা রওয়ানা দেবো। এ কয়দিন জনকে তাঁর মতো করে উপভোগ করতে দেয়া উচিৎ।"
"গ্রীষ্মকাল শেষ হতে চলেছে। সেই সাথে ওর শিশুকাল ও।"
"সময় হলে আমি নিজেই ওকে জানাবো।"
চলবে...